



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৯.২০২০/ ১২১৫/১

তারিখ: ১১/১১/২০২০খ্রি.

বিষয়: গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধুবনী মহিলা কলেজে কর্মরত জনাব মোছাঃ রেহানা আক্তার লাকী, প্রভাষক, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল এর এমপিওভুক্তি।

সূত্র: অধ্যক্ষের পত্র নং-ধু/ম/ক/২০১৯(১২৫)/২; তারিখ: ২৪/১২/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধুবনী মহিলা কলেজে কর্মরত জনাব মোছাঃ রেহানা আক্তার লাকী, প্রভাষক, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ৭৫২৬/২০১৭ এর রায় অনুযায়ী এমপিওভুক্তির জন্য অধ্যক্ষ আবেদন করেন। ধুবনী মহিলা কলেজটি ০১/০৫/২০০২খ্রি. তারিখ হতে এমপিওভুক্ত হয়। জনাব মোছাঃ রেহানা আক্তার লাকী, প্রভাষক, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল ২২/০৩/২০১৩খ্রি. তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে ২৩/০৩/২০১৩খ্রি. তারিখ যোগদান করেন। তার এমপিওভুক্তির বিষয়ে ১০/০২/২০১৬খ্রি. তারিখে অনলাইনের মাধ্যমে আবেদন করলে বিষয় স্বীকৃতি না থাকায় উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর তার আবেদন রিজেক্ট করে দেয়। পরবর্তীতে ২৯/০৫/২০১৭খ্রি. তারিখ জনাব মোছাঃ রেহানা আক্তার লাকী, প্রভাষক, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৭৫২৬/২০১৭ দায়ের করেন।

আইন শাখার মতামত: “গাইবান্ধা জেলার ধুবনী মহিলা কলেজের প্রভাষক, মোছাঃ রেহানা আক্তার লাকী এমপিওভুক্ত হওয়ার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৫২৬/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ বিগত ১৬/০৭/২০১৮ তারিখে রুল নিষ্পত্তি করে রায় ও আদেশ প্রদান করেন এবং রায় ও আদেশে পিটিশনারের বেতন-ভাতা ছাড়করণের জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করেন এবং যদি বকেয়া থাকে তা প্রদানের নির্দেশ দেন। এখানে দেখা যাচ্ছে যে, পিটিশনারকে যে বিষয়ে প্রভাষক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে, তা নিয়ে বিতর্ক রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের ১১/১২/২০১৩ তারিখের নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৪১৪ পরিপত্র অনুযায়ী যদি কোন শিক্ষকের নিয়োগকৃত বিষয়ে বিয়োজন হয় তবে সে তাঁর অনার্স এবং মাস্টার্স ডিগ্রির সাথে সঙ্গতিপূর্ণ বিষয়ে পাঠ দান করতে পারবে। এক্ষেত্রে উক্ত মামলায় রায়ের বিরুদ্ধে সন্তোষজনক কোন গ্রাউন্ড না থাকায় আপিল দায়ের করার কোন যুক্তিকতা নেই”।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হলো: “মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ অনুসারে এবং শিক্ষা মন্ত্রণালয়ের ১১/১২/২০১৩ তারিখের পরিপত্র অনুযায়ী পিটিশনারকে এমপিওভুক্ত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে”।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে অত্র অধিদপ্তরের আইন শাখার মতামত এবং বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক:

পরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
রংপুর অঞ্চল, রংপুর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, ধুবনী মহিলা কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
- ২। শিক্ষা কর্মকর্তা (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। অধ্যক্ষ, ধুবনী মহিলা কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
- ৪। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৫। মোছাঃ রেহানা আক্তার লাকী, প্রভাষক, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, ধুবনী মহিলা কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
- ৬। সংরক্ষণ নথি।

Alca ১১.১১.২০২০  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd